তারিখ ২৩/৯/২০০০
পৃষ্ঠা ১৬ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

84

# ঢাকা কলেজ ছাত্রাবাসে সিট দখল নিয়া ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষে আহত পাঁচ

ইত্তেফাক রিপোর্ট ॥ গত শুক্রবার রাতে ঢাকা কলেজ আন্তর্জাতিক হলে (দক্ষিণ) সিট দখল নিয়া ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে উক্ত কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি পলাশসহ ৫ জন আহত হয়। ছাত্রলীগের অপর গ্রুপটির নেতৃত্ব দেয় সাধারণ সম্পাদক ফিরোজ। কর্তৃত্ব ও চাঁদা আদায় নিয়া এই দুই গ্রুপের মধ্যে দীর্ঘদিন যাবৎ বিরোধ চলিয়া আসিতেছিল। কলেজের আন্তর্জাতিক হল (উত্তর) ফিরোজ গ্রুপের দখলে এবং হলের

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা কলেজ ছাত্রাবাসে

(শেষ পৃষ্ঠার পর)

দক্ষিণ অংশ পলাশ গ্রুপের দখলে রহিয়াছে। পুলিশ জানায়, ঐ রাতে আন্তর্জাতিক হলের (দক্ষিণ) ২০৭ নম্বর কক্ষে ফিরোজ গ্রুপের এক সদস্যকে সিট দিতে গেলে পলাশ গ্রুপের সদস্যরা বাধা দেয়। ইহা নিয়া শুরু হয় উভয়পক্ষের মধ্যে সংঘর্ষ। এই সময় ২০৭ নম্বর কক্ষটি ভাংচুর করা হয়। হলে অবস্থানরত সাধারণ ছাত্ররা আতংকে ছোটাছুটি শুরু করিয়া দেয়। সংবাদ পাইয়া ধানমন্ডি থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হইয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ঘটনাস্থলে ফিরোজ গ্রুপের প্রহারে পলাশ এবং তাহার পক্ষের কর্মী বেলাল (২০), হিরু (১৯), বাপ্পি (১৮) ও এমরান (১৯) আহত হয়। তাহাদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। ঢাকা কলেজ চত্বরে পুলিশ মোতায়েন করা হইয়াছে। সেখানে উত্তেজনা বিরাজ করিতেছে। এই ঘটনায় ফিরোজসহ ১৫ জনের নাম উল্লেখ করিয়া ধানমন্ডি থানায় মামলা দায়ের করা হইয়াছে।